

অধ্যক্ষের কার্যালয়
চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।

বিজ্ঞপ্তি নং-৯৩

তারিখ: ০৬/০৬/২০২৩ খ্রি.

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন চাঁদপুর সরকারি কলেজে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ অনার্স কোর্সে ১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয় পরিবর্তন, ২য় মেধা তালিকায় ভর্তির জন্য নির্বাচিত ছাত্র-ছাত্রীদের ভর্তির সময়সূচি, ফিসের হিসাব, ফি জমাদান ও অন্যান্য নিয়মাবলি নিম্নে দেওয়া হলো। উল্লেখ্য যে, ভর্তি সংক্রান্ত কার্যক্রম অনলাইনের মাধ্যমে সম্পন্ন করা হবে।

১ম বর্ষ অনার্স কোর্সে ভর্তির বিষয়সমূহ	বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলাম শিক্ষা, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, সমাজকর্ম, অর্থনীতি, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা, গণিত এবং ভূগোল ও পরিবেশ।
ভর্তির তারিখ	০৭/০৬/২০২৩ তারিখ থেকে ১৪/০৬/২০২৩ তারিখ পর্যন্ত। (সরকারি ছুটির দিন ব্যতিত)
ভর্তি ফি	ক) বিএ/বিএসএস/বিবিএ (অনার্স)- ৩৪৪৫/- খ) বি.এসসি (অনার্স)- ৩৫৬৫/-
১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে যাদের বিষয় পরিবর্তন হয়েছে তাদের বিষয় পরিবর্তন হয়েছে তাদের করণীয়	১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে যাদের বিষয় পরিবর্তন হয়েছে, তারা ০৬/০৬/২০২৩ তারিখ হতে ১৪/০৬/২০২৩ তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েব সাইট (www.nu.ac.bd/admissions) Applicant Login অপশনে Honours Login লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন নম্বর এন্ট্রি দিয়ে পরিবর্তিত বিষয়ের চূড়ান্ত ভর্তি ফরম ডাউনলোড করে পূরণ করে প্রিন্ট নিতে হবে এবং পরিবর্তিত বিভাগে ভর্তি ফরম জমা দিয়ে রোল নম্বর সংগ্রহ করতে হবে। উল্লেখ্য যে, যাদের বিষয় পরিবর্তন হয়েছে, তাদের কোনো ফি প্রদান করতে হবে না। প্রয়োজ্য ক্ষেত্রে সেমিনার ফি পরিশোধ করতে হবে।
২য় মেধা তালিকায় ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের করণীয়	১ম বর্ষ অনার্স কোর্সে ভর্তির জন্য ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ০৬/০৬/২০২৩ তারিখ হতে ১৪/০৬/২০২৩ তারিখের মধ্যে অবশ্যই জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েব সাইট (www.nu.ac.bd/admissions) Applicant Login অপশনে Honours Login লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন নম্বর এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করে প্রিন্ট কপি নিতে হবে। ১৪/০৬/২০২৩ তারিখের পর ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোনো শিক্ষার্থী ভর্তি ফরম উত্তোলন করতে পারবে না।
ভর্তির ফি প্রদানের নিয়মাবলি	১ম বর্ষ অনার্স কোর্সে ভর্তির জন্য ২য় মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীগণ (https://chandpurcollege.eshiksaems.com/) লিংকে গিয়ে User ID-cgstudent এবং Password- cgstudent দিয়ে admission বাটনে ক্লিক করে Click New Admission অপশনে গিয়ে ফ্রম (অনার্স), নির্বাচিত বিষয়, ভর্তি আবেদনের রোল সঠিকভাবে দিয়ে Check For Admission এ ক্লিক করলে যে ফরমটি দেখা যাবে তা পূরণপূর্বক Submit করে প্রিন্ট নিতে হবে। Submit করার পর বিকাশ/নগদ/উপায় অ্যাপস এর মাধ্যমে পে-বিল/এডুকেশন ফি অপশনে চাঁদপুর সরকারি কলেজ Select করে Student ID হলে ভর্তি আবেদনের রোল নম্বর লিখে পেমেন্ট সম্পন্ন করতে হবে। মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ফি পরিশোধের সঙ্গে সঙ্গে শিক্ষার্থীর মোবাইলে ক্রাস রোল নম্বরের একটি SMS যাবে। উক্ত SMS-এ প্রাপ্ত ক্রাস রোল নম্বর ভর্তি ফরমের উপর লিখে দিতে হবে এবং ক্রাস রোল নম্বর সঠিকভাবে সংরক্ষণ করতে হবে। ক্রাস রোল নম্বরের ভিত্তিতে ক্রাসসহ একাডেমিক সকল কার্যক্রম পরিচালিত হবে।

নিয়মাবলি :

- ১। মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ফি পরিশোধের পর জাতীয় বিশ্ববিদ্যালয় ও eshiksabd হতে ডাউনলোডকৃত ভর্তির ফরম দুইটি, এস এস সি ও এইচ এস সি পরীক্ষার মূল নম্বরপত্রের ফটোকপি ও দুই কপি ছবিসহ সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে। উল্লেখ্য যে, বিভাগে ভর্তি ফরম জমা দেওয়ার সময় সেমিনার ও শিক্ষা সফর ফি বাবদ- এককালীন (ক) বিএ/বিএসএস/বিবিএ (অনার্স)- ১৮০০/- টাকা (খ) বি.এসসি (অনার্স)- ২৪০০/- টাকা বিভাগে নগদ জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। ২য় মেধা তালিকায় নির্বাচিত শিক্ষার্থীদের অবশ্যই ১৪/০৬/২০২৩ তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট হতে ভর্তির ফরম প্রিন্ট নিতে হবে এবং ১৪/০৬/২০২৩ তারিখ বিকাল ৫:০০টার মধ্যে মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ভর্তি ফি পরিশোধ করতে হবে। উল্লিখিত তারিখ ও সময়ের পর ফি পরিশোধ করলে তা গ্রহণযোগ্য হবে না।
- ২। ১ম বর্ষ অনার্স কোর্সে ২য় মেধা তালিকায় ভর্তির জন্য নির্বাচিত কোন ছাত্র-ছাত্রী পূর্ববর্তী শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তি হয়ে থাকলে তাকে অবশ্যই ১৩/০৬/২০২৩ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করতে হবে। অন্যথায় একই অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে দ্বৈত ভর্তিজনিত কারণে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।
- ৩। ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের অনার্স-১ম বর্ষের ক্রাস ০১/০৬/২০২৩ তারিখ হতে শুরু হয়েছে। এ বিষয়ে প্রয়োজনে সংশ্লিষ্ট বিভাগে যোগাযোগ করতে হবে।

বি.দ্র: সংশ্লিষ্ট সকলকে কোভিড-১৯ মহামারি সম্পর্কিত সকল স্বাস্থ্যবিধি মেনে-এ ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

 ০৬/০৬/২০২৩

(প্রফেসর অসিত বরণ দাশ)

অধ্যক্ষ

চাঁদপুর সরকারি কলেজ

চাঁদপুর।

অধ্যক্ষ
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর।

০৬/০৬/২০২৩

অনুলিপি :

- ১। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, চাঁ.স.ক।
- ২। সম্পাদক, শিক্ষক পরিষদ, চাঁ.স.ক।
- ৩। কলেজ ওয়েব সাইট www.chandpurcollege.edu.bd
- ৪। অফিস নথি।